# সেচ চার্জ হার নীতিমালা-২০০৯
## কৃষি মন্ত্রণালয়
## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কৃষি মন্ত্রণালয়**

**উপকরণ- ১ অধিশাখা**

নং-কৃষি/উপ-১/বরেন্দ্র (বিবিধ)-২/০৮/১৩৭ তারিখ ঃ ১৮/১২/১৪১৫বং / ০১/০৪/২০০৯ খ্রিঃ

যেহেতু সমগ্র বাংলাদেশের আউশ/আমন/বোরো মৌসুমে সেচের জন্যে পরিচালিত গভীর/অগভীর নলকূপসহ সকল সেচযন্ত্রের একটি সমন্বিত বাস্তবভিত্তিক সেচ চার্জ হার নির্ধারণ সমীচীন ও প্রয়োজনীয়; সেহেতু সরকার এতদ্বারা নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করলেন ঃ

১। **শিরোনাম, অধিক্ষেত্র ও প্রয়োগ** ঃ (১) এ নীতিমালা সেচ চার্জ হার নীতিমালা-২০০৯ হিসেবে অভিহিত হবে।
(২) এ নীতিমালা সমগ্র বাংলাদেশে ও শুধুমাত্র সেচ কার্যে ব্যবহৃত পানির জন্যে প্রযোজ্য হবে।
(৩) এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

২। সেচ চার্জ সকল ক্ষেত্রে টাকার অংকে নির্ধারিত হবে, ধান বা কোন ফসলের অংশ কোন ভাবেই সেচ চার্জ হিসেবে প্রদেয় হবে না।

৩। উপজেলা সেচ কমিটি সেচ চার্জ হার অনুমোদনের জন্য কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হবে।

৪। সেচ চার্জ ফসল/মৌসুম ভিত্তিক (বোরো/আমন/আউস) অথবা অর্থ বছর ভিত্তিক নির্ধারিত হবে। চার্জের একক মূল্য ঘন্টাভিত্তিক, বছর ভিত্তিক বা জমির পরিমাণভিত্তিক (একক প্রতি) হতে পারে।

৫। সেচ চার্জ এর হার বোরো, আউস ও আমন বা অন্য কোন মৌসুমের জন্য ভিন্ন ভিন্ন হবে। গভীর নলকূপ, অগভীর নলকূপ, লো-লিফট পাম্প প্রভৃতি সেচ যন্ত্রভিত্তিক আলাদা সেচ হার নির্ধারিত হবে।

৬। সেচ চার্জের হার উপজেলাভিত্তিক হবে। তবে উপজেলা সেচ কমিটি বাস্তবতার নিরিখে সারা উপজেলায় সেচযন্ত্রের প্রকার (গভীর/অগভীর/এলএলপি), এলাকা, মাটির ধরণ ও মৌসুম বিবেচনা করে সমগ্র উপজেলা বা এর অংশ বিশেষের জন্য একক দর নির্ধারণ করতে পারবে। অর্থাৎ বাস্তবতার নিরিখে একই উপজেলার বিভিন্ন অংশে ভিন্ন ভিন্ন হারে সেচ চার্জ হার নির্ধারণ হতে পারে।

৭। বিদুৎ চালিত সেচযন্ত্র, ডিজেল চালিত সেচযন্ত্র-এর জন্য আলাদা সেচ চার্জ হার নির্ধারিত হবে। পাকানালা ও কাঁচানালার জন্য আলাদা সেচ চার্জ হতে পারে। সেচ নালা পাকা করা হলে এর ব্যয় চার্জ নির্ধারণে অন্তর্ভুক্ত হবে। তবে সাথে সাথে কমান্ড এরিয়া বৃদ্ধির বিষয়টিও বিবেচনায় রাখতে হবে।

৮। উপজেলা সেচ কমিটি এ নীতিমালা কার্যকর করার বিষয়ে বাস্তবায়নকারী কর্তৃপক্ষ হিসেবে কাজ করবে এবং সময়ে সময়ে সরেজমিনে সেচ চার্জ হার পরীক্ষা করে দেখবে। প্রয়োজনে উপজেলা পরিষদ সভায় এ বিষয়ে আলোচনা করা যেতে পারে।

৯। সরকারি সংস্থাসমূহ কর্তৃক রাজস্ব বা প্রকল্পের আওতায় চালিত সেচযন্ত্রের জন্য সেচ চার্জ সংশ্লিষ্ট সংস্থা নির্ধারণ করবে। তবে সংস্থার নির্ধারিত চার্জ এর বিষয়টি সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তা উপজেলা সেচ কমিটি বা উপজেলা পরিষদকে অবহিত করবে। সেচ কমিটি/উপজেলা পরিষদ প্রয়োজন বোধে এ বিষয়ে তাদের পর্যবেক্ষণ প্রয়োজনে সংস্থাকে অবহিত করবে। সংস্থা এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে উপজেলা পরিষদকে অবহিত করবে।

১০। বেসরকারি সংস্থা/স্কীম/ব্যক্তি মালিকানা ভিত্তিতে চালু সেচযন্ত্রের জন্য সেচ চার্জ নির্ধারণের দায়িত্ব উপজেলা সেচ কমিটি পালন করবে। সেচ যন্ত্রের মূলধনী ব্যয়, উপকরণ ব্যয়, পরিচালনা ব্যয়, জনবল, রক্ষণাবেক্ষণ ও লাভসহ অন্যান্য সকল আনুষঙ্গিক ব্যয় অন্তর্ভুক্ত করে প্রযোজ্য একক প্রতি (প্রতি ঘন্টা বা প্রতি একর) সেচ চার্জ নির্ধারণ করবে।

১১। উপজেলা সেচ কমিটি সেচ চার্জ হার পরবর্তী অর্থ বছর শুরুর পূর্বেই চূড়ান্তভাবে অনুমোদন করবে।

১২। সেচ মৌসুম শুরু হওয়ার অন্ততঃ ১০ (দশ) দিন পূর্বে সেচযন্ত্র সেচ প্রদানের জন্য সর্বোতভাবে প্রস্তুত রাখতে হবে। সেচের চাহিদা থাকাকালীন সময়ে কোন সেচযন্ত্র যান্ত্রিক/অন্য কারণে বন্ধ থাকলে তা দ্রুত সেচ যন্ত্রের মালিক কর্তৃক উপজেলা সেচ কমিটিকে অবহিত করতে হবে। সেচ কমিটি সরেজমিনে বিষয়টি পরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। কোন অবস্থাতেই বৃষ্টির প্রত্যাশায় থেকে সেচ যন্ত্র বন্ধ রাখা যাবে না।

১৩। সেচ চার্জ আদায়ের জন্য সংস্থাসমূহ তাদের নিজস্ব প্রাতিষ্ঠানিক কাঠামো ব্যবহার করবে। ব্যক্তি মালিকানাধীন ও সমবায় ভিত্তিতে চালু সেচযন্ত্রের চার্জ যথাক্রমে মালিক/স্কীম ম্যানেজার/গ্রুপ লিডার এবং সমবায় সমিতির অনুমোদিত কমিটির মাধ্যমে আদায় হবে।

১৪। ঘন্টাভিত্তিক সেচ চার্জ ব্যবস্থায় সেচ প্রদানের পূর্বে সেচ চার্জ আদায়যোগ্য হবে। একর/মৌসুম ভিত্তিক সেচ চার্জ ব্যবস্থায় চাষ শুরুর পূর্বে এক-তৃতীয়াংশ, দেড় মাস পর এক-তৃতীয়াংশ এবং পরবর্তী দেড় মাস পর বাকি এক-তৃতীয়াংশ চার্জ আদায় করা যাবে।

১৫। উপজেলা সেচ কমিটিতে BADC/BMDA/BWDB এর উপজেলা পর্যায়ের কর্মককর্তাসহ (প্রযোজ্য ক্ষেত্রে) প্রধান Stakeholder দের প্রতিনিধিত্ব থাকবে।

১৬। উপজেলা সেচ কমিটি অনুমোদিত সেচ চার্জের হার উপজেলা কৃষি অফিসের মাধ্যমে যথাযথ প্রচারের ব্যবস্থা টাঙ্গিয়ে প্রদর্শন করবেন।

১৭। এ নীতিমালা ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা-১৯৮৭ সমন্বয়ে কার্যকর হবে। বিধিমালা অনুসরণে সকল সেচযন্ত্রকে নিবন্ধনের আওতায় আনতে হবে।

১৮। বৎসর শেষে উপজেলা সেচ কমিটি সেচ চার্জ হার রিভিউ করবে। উপজেলা সেচ কমিটি বৎসরের শুরুতে এবং বৎসরের শেষে তাদের কার্যক্রমের প্রতিবেদন উপজেলা পরিষদে দাখিল করবে। উপজেলা পরিষদ প্রতিবেদন বিবেচনা করে এ বিষয়ে মতামত উপজেলা সেচ কমিটিকে অবহিত করবে।

১৯। সমবায় ভিত্তিতে পরিচালিত সেচযন্ত্রের জন্য সমিতি উপজেলা সেচ কমিটির পূর্বানুমোদনক্রমে তাদের সেচ চার্জ নির্ধারণ করবে। সমবায়ভুক্ত সেচযন্ত্রের আর্থিক ব্যবস্থাপনায় নিয়মিত নিরীক্ষা শেষে নিরীক্ষা সংক্রান্ত কাগজপত্র সংরক্ষণ করতে হবে।

২০। সেচ চার্জ হার নির্ধারণের জন্য সহায়ক হিসেবে নির্ধারিত ছক অনুযায়ী উপজেলা সেচ কমিটি প্রয়োজনীয় সংযোজনসহ এগুলো ব্যবহার করে সেচ চার্জ হার নির্ধারণ করবে।

২১। উপজেলা সেচ কমিটি কর্তৃক নির্ধারিত সেচ হারে আপত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা পরিষদ আপীল কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হবে। এ বিষয়ে পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২২। সেচ চার্জ আদায়কারী/পাওনাদারের আবেদনের প্রেক্ষিতে অনাদায়ী সেচ চার্জ আদায়ের জন্য ইউনিয়ন পরিষদ সালিশী কার্যক্রম গ্রহণ করবে। সফল না হলে উপজেলা সেচ কমিটি আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা নিবে। এতেও মীমাংশা না হলে পক্ষদ্বয় বিষয়টি উপজেলা পরিষদে উত্থাপন করতে পারবে। উপজেলা পরিষদ এ বিষয়ে যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করবে।

২৩। সেচ সংক্রান্ত কোন অভিযোগ থাকলে জমির মালিক/সেচ যন্ত্রের মালিক এ বিষয়ে প্রতিকার চেয়ে উপজেলা সেচ কমিটির নিকট আবেদন করবে। উপজেলা সেচ কমিটি ০৭ দিনের মধ্যে নীতিমালা অনুযায়ী প্রতিকারের ব্যবস্থা নেবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কাজী মেরাজ হোসেন
উপ-সচিব।

**ছকটি পূরণের নিয়মাবলী ঃ**

১। সেচ যন্ত্রের অবস্থান বলতে সেচ যন্ত্রটি যে প্লটে স্থাপন করা আছে সেই প্লটের তথ্য দিতে হবে।

২। অশ্বশক্তি বলতে সেচযন্ত্রটির সাথে যে অশ্বশক্তির ইঞ্জিন/মটর স্থাপন করা আছে সে ইঞ্জিন/মটরের অশ্বশক্তি এবং পাম্পের ক্ষমতা হিসেবে করতে হবে;

৩। ইঞ্জিনে ঘন্টা প্রতি কত লিটার ডিজেল/বিদ্যুৎ খরচ হচ্ছে সেটি পরীক্ষা করে নির্ধারণ করা যেতে পারে;

৪। সেচ যন্ত্রের ক্রয় মূল্য ক্রয়ের রশিদ বা বাজার যাচাই করে নির্ধারণ করা যেতে পারে।

৫। অগভীর নলকূপের জন্য কার্যকরী আয়ুস্কাল ৫(পাঁচ) বছর, এল,এল,পি'র জন্য ৮(আট) বছর এবং গভীর নলকূপের জন্য ১৫ (পনের) বছর ধরা যেতে পারে। তবে বাস্তব অবস্থায় এটি বেশীও হতে পারে।

৬। মৌসুমের নাম এবং যে ফসলের জন্য সেচ চার্জ নির্ধারণ করা হচ্ছে তার নাম উল্লেখ করতে হবে এবং সে মোতাবেক খরচের হিসেব করতে হবে;

৭। (ক) পাম্পের ক্ষমতার ভিত্তিতে সেচ এলাকা নির্ধারণ করা যেতে পারে। যেমন- অগভীর নলকূপের ক্ষেত্রে কিউসেক প্রতি ২০(বিশ) একর হিসেবে, এল,এল,পি'র জন্য কিউসেক প্রতি ২৫ (পঁচিশ) একর এবং গভীর নলকূপের ক্ষেত্রে ৩০ (ত্রিশ) একর হিসেবে নির্ধারণ করা যেতে পারে;

(খ) প্রথম বৎসরের সম্ভাব্য জমি ব্যবহার ভিত্তিক প্রাথমিক চার্জ নির্ধারিত হতে পারে। মৌসুমের মাঝামাঝি বাস্তব জমির পরিমাণ যাচাই করে চার্জ চূড়ান্ত করা যেতে পারে। দ্বিতীয় বৎসর থেকে পূর্বের বৎসরের সেচ যন্ত্রের আওতাভুক্ত জমির ভিত্তিতে চার্জ নির্ধারিত হবে।

৮। বাস্তবতার আলোকে জমির প্রকারভেদ, মৌসুম, ফসল, সেচ এলাকা ইত্যাদি বিষয়গুলি বিবেচনায় এনে সম্ভাব্য চালুর সময় নির্ধারণ করতে হবে।

৯। Random সিলেকশন করে কিছু সেচ যন্ত্রের জ্বালানী (ডিজেল/বিদ্যুৎ) খরচের পরিমাণ এবং জ্বালানীর একক মূল্যই যাচাই করা যেতে পারে।

**ফরম-“ক”**

**সেচ চার্জ নির্ধারণী ফরম**

(ডিজেল চালিত)

**সেচ যন্ত্রের তথ্য ঃ**

ক্রমিক নং

১। অবস্থান ১) উপজেলার নাম ঃ

১) ইউনিয়ন ................................................... ২) মৌজা.................................................. ।

৩) জেএল নং .................................................৪) দাগ নং ............................................... ।

২। সেচ যন্ত্রের মালিকের নাম ............................................................ ঠিকানা ঃ ........................................................ ।

৩। সেচ যন্ত্রের বিবরণ (টিক চিহ্ন দিন) ঃ গভীর নলকূপ/ অগভীর নলকূপ/লো-লিফট পাম্প।

৪। সেচ যন্ত্রের ক্ষমতা ঃ ............................................ অশ্বশক্তি................................ কিউসেক।

৫। ঘন্টা প্রতি জ্বালানী খরচ (লিটার) ঃ ............................................ ডিজেল, জ্বালানীর একক মূল্য টাকা.............................. প্রতি লিটার......................... ।

৬। সেচ যন্ত্রের ক্রয়মূল্য (স্থাপন খরচসহ) ঃ .............................................টাকা।

৭। কার্যকরী আয়ুষ্কাল ঃ .............................................বছর।

৮। মৌসুম ঃ .............................................ফসল ঃ ................................................. ।

৯। সম্ভাব্য সেচ এলাকা ঃ .............................................বিঘা/একর।

১০। মৌসুমে সেচ যন্ত্রের সম্ভাব্য ব্যবহার ঃ ............................................ ।

| ক্রঃ নং | সেচ যন্ত্রের অবচয় মূল্য (টাকা) (৬নং ক্রঃ/৭ নং ক্রঃ) | মোট ডিজেল খরচ (টাকা) | মোট মবিল খরচ (টাকা) (৩নং কলাম ৫%) | সেচ যন্ত্রের মেরামত খরচ (টাকা) | চালকের বেতন (টাকা) | ড্রেনম্যানের বেতন (টাকা) | সেচ নালা মেরামত খরচ (টাকা) | সেচ যন্ত্র পাহারার জন্য খরচ (টাকা) | সম্ভাব্য ঝুঁকি (টাকা) (ক্রমিক নং-৬এর ২০%) | সেচ যন্ত্রের মালিকের লাভ (টাকা) [অপারেশন খরচ (২ হতে ৯ কলাম পর্যন্ত) এর ২০%] | মোট খরচ (টাকা) (কলাম ২ হতে ১১ এর যোগফল) | একক প্রতি নির্ধারিত সেচ চার্জ (টাকা) (কলাম নং ১২/ক্রমিক নং-৯) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | |

**মন্তব্য** ঃ .................................... মৌসুমের জন্য একর বিঘা প্রতি নির্ধারিত সেচ খরচ টাঃ ...................................... টাকা নির্ধারণ করা হল।

উপজেলা কৃষি কর্মকর্তা
ও
সদস্য-সচিব, উপজেলা সেচ কমিটি।

উপজেলা ............ কর্মকর্তা
ও
সদস্য, উপজেলা সেচ কমিটি।

উপজেলা ............ কর্মকর্তা
ও
সদস্য, উপজেলা সেচ কমিটি।

উপজেলা ................ কর্মকর্তা
ও
সদস্য-সচিব, উপজেলা সেচ কমিটি।

উপজেলা ................ কর্মকর্তা
ও
সদস্য, উপজেলা সেচ কমিটি।

সভাপতি
উপজেলা সেচ কমিটি।



135

**সেচ চার্জ নির্ধারণী ফরম** **ফরম-"খ"**

(বিদ্যুৎ চালিত)

**সেচ যন্ত্রের তথ্য ঃ**

ক্রমিক নং

০১। অবস্থান (১) উপজেলার নাম ঃ

(১) ইউনিয়ন ................................................ (২) মৌজা................................................ ।

(৩) জেএল নং ................................................(৪) দাগ নং ........................................... ।

০২। সেচ যন্ত্রের মালিকের নাম ......................................................... ঠিকানা ঃ ................................................. ।

০৩। সেচ যন্ত্রের বিবরণ (টিক চিহ্ন দিন) ঃ গভীর নলকূপ/অগভীর নলকূপ/লো-লিফট পাম্প।

০৪। সেচ যন্ত্রের ক্ষমতা ঃ ............................................ অশ্বশক্তি............................... কিউসেক।

০৫। ঘন্টা প্রতি জ্বালানী খরচ (ইউনিট) ঃ ............................................ ডিজেল, জ্বালানীর একক মূল্য টাকা.......................... উৎসঃ পিডিবি/আরইবি সমিতি।

০৬। (ক) সেচ যন্ত্রের ক্রয়মূল্য (স্থাপন খরচসহ) ঃ .............................................টাকা।

(খ) বৈদ্যুতিক সংযোগ খরচ ঃ .............................................টাকা।

(গ) ট্রান্সফরমার মূল্য (স্থাপন খরচসহ) ঃ .............................................টাকা (যদি নিজ খরচে স্থাপিত হয়)।

০৭। কার্যকরী আয়ুষ্কাল ঃ .............................................বছর।

০৮। মৌসুম ঃ .............................................ফসল ঃ ................................................. ।

০৯। সম্ভাব্য সেচ এলাকা ঃ .............................................বিঘা/একর।

১০। মৌসুমে সেচ যন্ত্রের সম্ভাব্য ব্যবহার ঃ ............................................. ।

136

| ক্রঃ নং | সেচ যন্ত্রের অবচয় মূল্য (টাকা) (৬নং ক্রঃ/৭ নং ক্রঃ) | মোট বিদ্যুৎ খরচ (টাকা) | সেচ যন্ত্রের মেরামত খরচ (টাকা) | চালকের বেতন (টাকা) | ড্রেনম্যানের বেতন (টাকা) | সেচ নালা মেরামত খরচ (টাকা) | সেচ যন্ত্র পাহারার জন্য খরচ (টাকা) | সম্ভাব্য ঝুঁকি (টাকা) (ক্রমিক নং-৬এর ২০%) | সেচ যন্ত্রের মালিকের লাভ (টাকা) [অপারেশন খরচ (২ হতে ৯ কলাম পর্যন্ত) এর ২০%] | মোট খরচ (টাকা) (কলাম ২ হতে ১০ এর যোগফল) | একক প্রতি নির্ধারিত সেচচার্জ (টাকা) (কলাম নং ১১/ক্রমিক নং-১০) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| | | | | | | | | | | | | |

**মন্তব্য** ঃ মৌজা ...............................জন্য ঘন্টা প্রতি নির্ধারিত সেচ খরচ টাঃ ........................................... টাকা নির্ধারণ করা হল।

উপজেলা কৃষি কর্মকর্তা
ও
সদস্য-সচিব, উপজেলা সেচ কমিটি।

উপজেলা ............ কর্মকর্তা
ও
সদস্য, উপজেলা সেচ কমিটি।

উপজেলা ............ কর্মকর্তা
ও
সদস্য, উপজেলা সেচ কমিটি।

উপজেলা ................ কর্মকর্তা
ও
সদস্য, উপজেলা সেচ কমিটি।

উপজেলা ................ কর্মকর্তা
ও
সদস্য, উপজেলা সেচ কমিটি।

সভাপতি
উপজেলা সেচ কমিটি।